

মডেল সমবায় সমিতির তথ্য

উপজেলাঃ আলমডাঙ্গা, জেলাঃ চুয়াডাঙ্গা।

সমিতির নামঃ বিক সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ।

রেজিঃ নং ০০৪, তারিখ ২৫/১০/২০১১ খ্রিঃ।

১। ভূমিকাঃ চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলাধীন বলেশ্বরপুর গ্রামের ২০ জন ব্যক্তি বর্গের সমন্বয়ে তাদের মাত্র ৪০,০০০/- টাকা পুজি নিয়ে ২০১০ সালে বিক সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি শিরোনামে সমিতির আত্মপ্রকাশ ঘটে। পরবর্তিতে ২০১১ সালে সমবায় বিভাগ থেকে নিবন্ধন প্রাপ্ত হয়, যার নিবন্ধন নং ০০৪, তারিখ ২৫/১০/২০১১ খ্রিঃ।

২। সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচিঃ সমিতিটি ২০১১ সাল থেকে মাত্র ২০ জন সদস্যের সমন্বয়ে কার্যক্রম আরম্ভ করে। বর্তমানে অর্থাৎ ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত এ সমিতির মোট সদস্য সংখ্যা দাড়িয়েছে ১০৬ জন। উক্ত ১০৬ জন সদস্য তাদের নিজেদের সঞ্চিত মূলধন সদস্যদের মধ্যে ঋন বিনিয়োগসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে শুধুমাত্র ঋন কার্যক্রম পরিচালনা করছে।

৩। কার্যক্রমের বর্ননাঃ সমিতির মোট ১০৬ জন সদস্যের কার্যকরী মূলধনের পরিমাণ-৭৫১৯১২/- টাকা। উক্ত পরিমাণ কার্যকরী মূলধন সদস্যদের মধ্যে বিনিয়োগ পূর্বক সদস্যসহ এলাকার দুঃস্থ অসহায় ব্যক্তিদের মধ্যে শীত বস্ত্র বিতরণ ও খাদ্য বিতরণ সহ নানা বিধ জনহিতকর কার্যক্রম সম্পাদন করে আসছে। সমবায় আইন ও বিধিমালায় আলোকে সমিতিতে নিয়মিত ব্যবস্থাপনা কমিটির সভা, বার্ষিক সাধারণ সভা এবং নির্বাচন পরিচালনা করে থাকে। সমবায় বিভাগীয় বিভিন্ন সার্কুলার এবং নির্দেশনা সুচারুরূপে প্রতিপালন করে থাকে। সমিতিতে ০৩ জন ব্যক্তিকে কর্ম সংস্থানের ব্যবস্থা করতে সক্ষম হয়েছে। তাছাড়াও সমিতি কর্তৃপক্ষ সমিতির ৫০ জন সদস্যকে স্ব-কর্মসংস্থান সৃষ্টিতে সহযোগিতা করতে সক্ষম হয়েছে। সমিতিটি কোনরূপ সরকারি ঋন গ্রহণ ছাড়াই শুধুমাত্র নিজস্ব তহবিলের মাধ্যমেই মডেল সমিতিতে রূপান্তরিত হওয়া সহ যাবতীয় জনহিতকর কার্যক্রম করতে সক্ষম হয়েছে।

৪। বিগত বছর গুলোর উল্লেখযোগ্য কর্মকান্ডের বর্ননাঃ অত্র সমিতির বিগত তিনটি অর্থ বছরে এলাকার গরিব মেধাবী ছাত্র/ছাত্রীদের কে শিক্ষাবৃত্তি, দুঃস্থ অসহায় ব্যক্তিদের মধ্যে শীত বস্ত্র বিতরণ ও খাদ্য বিতরণ সহ নানা বিধ জনহিতকর কার্যক্রম সম্পাদন করেছে।

৫। কিভাবে মডেল সমিতিতে রূপান্তরিত হলো তার বর্ননাঃ সমিতিটি ২০১১ সাল থেকে সততা, নিষ্ঠা এবং একাগ্রতা নিয়ে মাত্র ৪০০০০/- টাকা মূলধন দ্বারা কার্যক্রম শুরু করে এবং সমিতির সদস্যদের মধ্যে মিতব্যয়িতা, সঞ্চয়ী মনোভাব বৃদ্ধি, পরস্পরের সাথে সুসম্পর্ক সৃষ্টি, পারস্পারিক সহযোগিতা ও বিশ্বাস স্থাপন, নিজেদেরকে আত্ম-নির্ভরশীল করে গড়ে তোলা, উৎপাদনমূলক কার্যক্রম গ্রহণ, কর্মসংস্থান সৃষ্টি, লাভজনক খাতে বিনিয়োগ, সদস্যদের মধ্যে ঋণ দাননের জন্য তহবিল সৃষ্টি এবং সার্বজনীনভাবে সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে সমিতির ব্যবস্থাপনা কমিটি নিরলসভাবে ও গতিশীলতার সাথে কাজ করে যাচ্ছে। ফলশ্রুতিতে এ পর্যন্ত সমিতির সদস্য সংখ্যা দাড়িয়েছে ১০৬ জন এবং কার্যকরী মূলধনের পরিমাণ দাড়িয়েছে-৬২৭৯১২/- টাকা। এ কারনেই সমিতিটি মডেল সমিতি হিসাবে চিহ্নিত হয়েছে।

৬। লভ্যাংশ বিতরণ ও সিডিএফ আদায়ঃ সমিতিটি কোন রূপ সরকারী ঋন গ্রহণ ব্যতিরেকে শুধুমাত্র সমিতির সদস্যদের সঞ্চিত মূলধন লাভজনক খাতে বিনিয়োগ পূর্বক গত অর্থবছরে যাবতীয় ব্যয় নির্বাহের পর নিম্নরূপভাবে নীট লাভ করতে সক্ষম হয়েছে- (ক) ২০১৯-২০ অর্থবছরে-৬৫৭৭০/- টাকা । সে প্রেক্ষিতে বিগত অর্থবছরে সমিতিটি সদস্যদের মধ্যে লভ্যাংশ বিতরণ করা সহ সিডিএফ পরিশোধ করেছে যেমন-(ক) ২০১৯-২০ অর্থবছরে- লভ্যাংশ বন্টন- ৬৫৭৭০/- টাকা এবং সিডিএফ প্রদান- ১৯৭৩/- টাকা।

৭। অডিট সম্পর্কিত তথ্যঃ সমিতিতে কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতভাবে আভ্যন্তরীণ অডিট ও বার্ষিক বিধিবদ্ধ অডিট সম্পন্ন করিয়ে থাকে। যেমন- ২০২০-২১ সালের বার্ষিক বিধিবদ্ধ অডিট সম্পন্ন হয়েছে- ১৯/১২/২০২১ খ্রিঃ তারিখে।

৮। ব্যাংক ও অন্যান্য তথ্যঃ সমিতির নামে স্থানীয় স্ট্যান্ডার্ড ব্যাংক চুয়াডাঙ্গা শাখায় একটি সঞ্চয়ী হিসাব খোলা আছে যার নং- ২০৬৩৬০০০০৩০ । অত্র সমিতি ঋন বিতরন সহ অন্যান্য যাবতীয় আর্থিক লেনদেন উক্ত ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করে থাকে। ৩০/০৬/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত উক্ত ব্যাংক হিসাবে ১০০০/- টাকা জমা আছে।

৯। আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকাঃ সমিতি কর্তৃপক্ষ সততা এবং দক্ষতার সহিত সমিতির আর্থিক লেনদেন সহ অন্যান্য যাবতীয় কার্যক্রম পরিচালনা করে থাকে। ফলে সমিতিটি প্রতিনিয়ত অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হয়ে উঠতে সক্ষম হয়েছে। সমিতির কার্যক্রম জন্মলগ্ন থেকে বিচার বিশ্লেষণ করলে উহাই প্রতিয়মান হয়। সেক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটির অক্লান্ত প্রচেষ্টায় অত্র সমিতিটি আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রেখে চলেছে।

১১। বিভিন্ন কর্মকান্ডের ছবিঃ

সমিতির বার্ষিক সাধারণ সভার ছবি



মাসিক সভার ছবি



স্বাক্ষরিত
উপজেলা সমবায় অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

